# Mother Color Limited – (COC)
# মাদার কালার লিমিটেড এর আচরণ বিধি

**<u>ভূমিকা (Introduction)ঃ</u>** মাদার কালার লিমিটেড দেশের একটি অন্যতম বৃহৎ পোশাক প্রস্তুত ও রপ্তানীকারক প্রতিষ্ঠান। এই প্রতিষ্ঠানের খ্যাতি আন্তর্জাতিক ভাবেও স্বীকৃত। মাদার কালার লিমিটেড এ বিপুল সংখ্যক পুরুষ ও মহিলা শ্রমিক-কর্মচারী কর্মরত রয়েছে। কর্মস্থলে একটি সুনির্দিষ্ট আচরন বিধি বজায় রাখতে মাদার কালার লিমিটেড আন্তরিক ভাবে সচেষ্ট। দেশের প্রচলিত আইন, রীতিনীতি, আন্তর্জাতিক আইন ও রীতি এবং বিভিন্ন ক্রেতার নির্দেশিত আচরন বিধির প্রতি অত্র প্রতিষ্ঠান শ্রদ্ধাশীল। পরিবেশ বান্ধব, নিরাপদ কর্মস্থল নিশ্চিত করনের পাশাপাশি প্রতিটি স্থাপনায়/ফ্যাক্টরীতে মানবাধিকার, আইন এবং রীতিনীতি যথাযথ বাস্তবায়নে কর্তৃপক্ষ অঙ্গীকারাবদ্ধ। মাদার কালার লিমিটেড বিশ্বাস করে যে, তার এবং তার ব্যবসায়িক সহযোগীদের দ্বারা পরিবেশগত, অর্থনৈতিক এবং সামাজিক স্থায়িত্বের বাস্তবায়ন করার মাধ্যমে কোম্পানি তার গুনমানের লক্ষ অর্জন করতে আচরন বিধি তৈরী করেছেন । মাদার কালার লিমিটেড এর সাথে যদি কোন সাপ্লাইয়ার এবং সাবকন্ট্রাক্টর ব্যবসা করার ইচ্ছা পোষন করেন তাহলে তাহাদের জন্য অত্র আচরন বিধি মেনে চলা বাধ্যতামূলক। এটা আমাদের সমস্ত ব্যবসায়িক সম্পর্কের ভিত্তি হিসেবে কাজ করে।
মাদার কালার লিমিটেড তার উল্লেখিত অঙ্গীকার বাস্তবায়নের সোপান হিসেবে নিম্নোক্ত আচরনবিধি অনুসরন করে থাকে ঃ

- **<u>নৈতিকতা ও আইন এবং রীতিনীতির প্রতি শ্রদ্ধা (Ethical Standard & Respect to Law & Practices) ঃ</u>**

মাদার কালার লিমিটেড তার প্রতিটি কর্মকান্ড ও পদক্ষেপে নৈতিকতা ও মূল্যবোধ বজায় রাখে। কোম্পানী দেশ ও আন্তর্জাতিক আইন, রীতিনীতি অনুসরন করে। বিভিন্ন ক্রেতার নির্দেশিত আচরন বিধি যথাযথভাবে অনুসরনের ক্ষেত্রে মাদার কালার লিমিটেড অঙ্গীকারবদ্ধ।

- **<u>স্বাস্থ্য ও নিরাপত্তা (Health & Safety) ঃ</u>**

প্রতিষ্ঠান তার প্রতিটি ফ্যাক্টরী এবং স্থাপনায় শ্রমিক ও কর্মচারীদের নিরাপদ ও স্বাস্থ্যসম্মত কর্ম পরিবেশ নিশ্চিত করে। কোম্পানীর স্বাস্থ্য ও নিরাপত্তা নীতিমালা এ সম্পর্কিত প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করেছে। নিরাপদ ও স্বাস্থ্য সম্মত কর্মস্থল নিশ্চিত করনের পথে প্রতিবন্ধকতা ও ঝুঁকি সমুহ চিহ্নিত করন ও তা তাৎক্ষনিকভাবে দূরীকরনে কোম্পানী যথাযথ উদ্যোগ ও পদক্ষেপ গ্রহন করে থাকে।

**আই এল ও কনভেনশন ১৫৫ এবং ১৮৪ অনুযায়ী, আই এল ও সুপারিশ ১৬৪ এবং ১৯০।**

- **<u>শিশু শ্রম (Child Labour) ঃ</u>**

মাদার কালার লিমিটেড শিশু শ্রমিককে কারখানার কোন কাজে নিয়োজিত করে না। বয়সের সত্যতা যাচাই এর উদ্দেশ্যে সংশ্লিষ্ট শ্রমিক কর্তৃক জাতীয় পরিচয় পত্র,জন্ম নিবন্ধন সনদ/শিক্ষাগত যোগ্যতার সনদ (শিক্ষা বোর্ডের সনদ)/ স্কুল পরিত্যাগ ছাড়পত্র/স্থানীয় সরকার কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ চাকুরীর আবেদনের সময় উপস্থাপন করা বাধ্যতামূলক। তাছাড়া, মাদার কালার লিমিটেড নির্ধারিত ডাক্তার কর্তৃক বয়স যাচাই পূর্বক সনদ গ্রহনও বাধ্যতামূলক।

**আই এল ও কনভেনশন ১০, ৭৯, ১৩৮, ১৪২ এবং ১৮২ অনুযায়ী, আই এল ও সুপারিশ ১৪৬।**

- **<u>অনিচ্ছুক শ্রমিক (Dis Interested)</u>**

মাদার কালার লিমিটেড কোন অবস্থাতেই কোন শ্রমিককে ইচ্ছার বিরূদ্ধে কাজে নিয়োজিত করে না। তাছাড়া জেলের বন্দী, অথবা জেলের বাহিরে কিন্তু আদালতের সাথে চুক্তিবদ্ধ বা চুক্তিপত্রে আবদ্ধ কিংবা অন্য যে কোন কারনে অনিচ্ছুক শ্রমিককে কাজে ব্যবহার করে না।

- **<u>বাধ্যতামুলক শ্রম (Forced Labour) ঃ</u>**

মাদার কালার লিমিটেড এ বাধ্যতামুলক বা জোর পূর্বক শ্রম আদায় নিষিদ্ধ। কাজ চলাকালীন সময়ে ফ্যাক্টরীর প্রতিটি প্রবেশ/বাহির পথ খোলা রাখা বাধ্যতামুলক। ফ্যাক্টরীসমুহ বন্দী শ্রমিক, চুক্তি ভুক্ত শ্রমিক, খন্ডকালীন শ্রমিক নিয়োগ থেকে সম্পূর্নভাবে বিরত থাকে। কোন শ্রমিককে তার ইচ্ছার বিরুদ্ধে শ্রমে নিয়োজিত করা মাদার কালার লিমিটেড এ কঠোর ভাবে নিষিদ্ধ করা হয়েছে।

**আই এল ও কনভেনশন ২৯ এবং ১০৫ অনুযায়ী।**

- **<u>বৈষম্যমুলক আচরন (Discrimination) ঃ</u>**

অত্র প্রতিষ্ঠান শ্রমিকের নিয়োগ ও নির্বাচন, পদোন্নতি এবং অন্য যে কোন সুযোগ সুবিধা প্রদানের ক্ষেত্রে শ্রমিকের কাজ করার সামর্থ্যকে বিবেচনায় আনে, শ্রমিকের ব্যক্তিগত বৈশিষ্টাবলী বা বিশ্বাসের উপর নয়। অর্থাৎ জাতি, ধর্ম, বর্ণ, গোত্র, লিঙ্গ, বয়স, জাতীয়তা, বৈবাহিক ও মাতৃত্বকালীন অবস্থা নির্বিশেষে প্রত্যক্ষ বা পরোক্ষ ভাবে যে কোন ধরনের বৈষম্যমুলক আচরন থেকে কোম্পানী সম্পূর্ন বিরত থেকে নিরপেক্ষতা বজায় রাখে।

**আই এল ও কনভেনশন ১১০, ১১১, ১৪৩, ১৫৮, ১৫৯, ১৬৯ এবং ১৮৩ অনুযায়ী।**

- **<u>হয়রানি ও নির্যাতন (Harassment & Abous) ঃ</u>**

শারীরিক, মৌখিক, মানসিক ও যৌন হয়রানি সহ যে কোন ধরনের হয়রানি এবং নির্যাতনমুক্ত কাজের পরিবেশ নিশ্চিত করতে আমরা সচেষ্ট। অত্র প্রতিষ্ঠানের প্রতিটি শ্রমিক কর্মচারীর সাথে সম্মান ও শ্রদ্ধাপূর্ন আচরন করা হয়।

- **<u>কাজের সময় (Working Hours) ঃ</u>**

এক বৎসর সময় কালের মধ্যে কোন শ্রমিককে প্রতি সপ্তাহে ৬০ (ষাট) ঘন্টার উপর এবং এক বছরে সপ্তাহ গড়ে ৫৬ (ছাপান্ন) ঘন্টার উপর কাজ করার অনুমোদন প্রদান করা হয় না। সকল শ্রমিক কর্মচারী প্রতি ৭ (সাত) দিনের মধ্যে ন্যুনতম ১ (এক) দিন অবশ্যই সাপ্তাহিক ছুটি ভোগ করে। কোম্পানী রাত ১০ ঘটিকা হতে পর দিন সকাল ৭ ঘটিকার মধ্যে কোন মহিলা শ্রমিককে কাজে নিয়োজিত করে না।

**আই এল ও কনভেনশন ১ এবং ১৪ অনুযায়ী, আই এল ও সুপারিশ ১১৬।**

- **<u>বেতন ও সুবিধাদি (Wages & Benefits) ঃ</u>**

গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বেতন-ভাতা সম্পর্কিত গেজেট নোটিফিকেশন অনুযায়ী মাদার কালার লিমিটেড কর্মরত শ্রমিক-কর্মচারীদের বেতন-ভাতা নির্ধারন করা হয়। বেতন-ভাতা প্রদানের পূর্বে প্রত্যেককে পে-স্লিপ দেয়া হয়। এছাড়াও বাৎসরিক ইনক্রিমেন্ট এবং উৎসব বোনাসের ব্যবস্থা রয়েছে। শ্রমিক-কর্মচারীদের উৎসাহ প্রদান।

- **<u>অতিরিক্ত কাজের জন্য ভাতা (Overtime Compensation) ঃ</u>**

অত্র প্রতিষ্ঠানে অতিরিক্ত কাজ স্বেচ্ছাভিত্তিক এবং অতিরিক্ত কাজের ক্ষেত্রে দেশের প্রচলিত শ্রম আইনের আলোকে অতিরিক্ত কাজের জন্য প্রাপ্য ভাতা মাসের বেতনের সাথে পরিশোধ করা হয়।

**আই এল ও কনভেনশন ১২, ২৬, ১০১, ১০২ এবং ১৩১ অনুযায়ী।**

- **<u>পরিবেশ (Environment) ঃ</u>**

অত্র প্রতিষ্ঠান তার প্রতিটি স্থাপনায় পরিবেশগত বিধিবিধান যথাযথভাবে অনুসরনে সর্বদাই সচেষ্ট। কোম্পানীর পরিবেশ সংক্রান্ত নীতিমালায় পরিবেশ সংরক্ষনের উপর গুরুত্ব আরোপ করা হয়েছে। কোম্পানীতে কর্মরত ব্যক্তিবর্গ এবং পাশ্ববর্তী এলাকার পরিবেশের জন্য ক্ষতিকারক যে কোন কর্মকান্ড থেকে অত্র প্রতিষ্ঠান বিরত থাকে। বৃক্ষরোপন, বর্জ্য পরিশোধন সহ প্রয়োজনীয় বিভিন্ন ব্যবস্থা গ্রহনের মাধ্যমে মাদার কালার লিমিটেড পরিবেশ সংরক্ষনে ভুমিকা রাখছে।

- **<u>সংগঠন করার স্বাধীনতা (Freedom of Association) ঃ</u>**

মাদার কালার লিমিটেড তার কর্মরত শ্রমিক কর্মচারীদের আইন সঙ্গত ও শান্তিপূর্ন ভাবে সংগঠন করার স্বাধীনতা প্রদান করে। স্বাধীন ভাবে মত প্রকাশ, মুক্ত চর্চা, কল্যান কমিটি/শ্রমিক ফোরাম গঠন ইত্যাদিতে শ্রমিক কর্মচারীদের যথাযথ সহায়তা প্রদান করা হয়।

**আই এল ও কনভেনশন ১১, ৮৭, ৯৮, ১৫৩ এবং ১৫৪ অনুযায়ী।**

- **<u>শৃংখলা মুলক ব্যবস্থা (Disciplinary Practices) ঃ</u>**

কোম্পানী প্রয়োজনে প্রচলিত শ্রম আইনের আলোকে শ্রমিক-কর্মচারীদের বিরুদ্ধে শাস্তিমুলক ব্যবস্থা গ্রহন করে থাকে। মানবাধিকার লংঘন পূর্বক শারীরিক ও মানসিক শাস্তি প্রদান কঠোর ভাবে নিষিদ্ধ করা হয়েছে।

- **<u>সামাজিক দায়বদ্ধতা (Social Commitment) ঃ</u>**

অত্র প্রতিষ্ঠান সমাজ কল্যান মূলক কর্মকান্ডে সক্রিয় ভাবে অংশ গ্রহন করে। স্কুল ও কলেজ এবং হাসপাতালের উন্নয়নে আর্থিক সহায়তা প্রদান পূর্বক স্থানীয় জনসাধারনের সহিত একাত্নতা ঘোষনা করে। দুঃস্থ ও দুর্গতদের মাঝে ত্রাণ ও পোশাক বিতরণ ও খেলা ধুলা কার্যক্রমে অংশগ্রহন সহ বিভিন্ন সামাজিক কল্যাণে মাদার কালার লিমিটেড অঙ্গীকারাবদ্ধ।

- **<u>সততা ও স্বচ্ছতা (Honesty & Transparency) ঃ</u>**

**মাদার কালার লিমিটেড** বিশ্বাস করে যে, প্রতিষ্ঠানের মধ্যে যে কোন প্রকার ঘুষ ও দুর্নীতি নির্মূল করে এর পক্ষে কোন প্রকার লেনদেন অথবা উক্ত বিষয়ে কোন প্রকার ভ্রান্ত ব্যবসায়িক সুবিধা পেতে নিরুৎসাহিত করে একটি নিরাপদ ও স্থিতিশীল পরিবেশ তৈরী করতে বিশেষ ভূমিকা পলিন করছে। প্রত্যেক কর্মচারী এবং এজেন্ট সকল প্রকার লেনদেন ও পূর্বের যাবতীয় হিসাব রেকর্ড বুকে সংরক্ষণ করবে। **মাদার কালারলিমিটেড** তার কর্মকর্তা ও কর্মচারীদের যে কোন প্রকার সন্দেহজনক কার্যকলাপ রিপোর্ট করতে উৎসাহিত করে। অন্যথায় কোন কর্মচারীর বিরুদ্ধে ঘুষ ও দুর্নীতি অথবা এই নীতি লজ্ঘন করা হয়েছে এরূপ প্রমান পাওয়া গেলে অবিলম্বে উক্ত কর্মচারীর বিরুদ্ধে যথাযথ বিচারকার্য শুরু করে শাস্তি প্রদান এবং প্রয়োজনে বহিস্কার করা হবে। **মাদার কালারলিমিটেড** সন্দেহজনক এবং বেআইনী কার্যক্রম সংক্রান্ত বিষয়ে সততা ও স্বচ্ছতা নীতি কঠোরভাবে অনুসরণ করে।

- **<u>নিরাপত্তা (Security) ঃ</u>**

  মাদার কালার লিমিটেড অত্র প্রতিষ্ঠানে নিরাপত্তা পদ্ধতি বজায় রাখে যাতে নিষিদ্ধ কোন দ্রব্য (নেশাজাতক দ্রব্য, বিস্ফোরক, বায়ো ঝুঁকি বা অন্যান্য নিষিদ্ধ দ্রব্য ) বিদেশগামী চালানের মধ্যে চলে যেতে না পারে।

- **<u>সাব-সাপ্লাইয়ার ব্যবসা সম্পর্ক :</u>**

মাদার কালার লিমিটেড এর সাথে যদি কোন সাপ্লাইয়ার এবং সাবকন্ট্রাক্টর ব্যবসা করার ইচ্ছা পোষন করেন তাহলে তাহাদের জন্য অত্র আচরন বিধি মেনে চলা বাধ্যতামূলক। এটা আমাদের সমস্ত ব্যবসায়িক সম্পর্কের ভিত্তি হিসেবে কাজ করে। দেশের প্রচলিত আইন এবং সম্মানিত বায়ারদের আচরন বিধির প্রতি সম্মান সাপ্লাইয়ার ফ্যাক্টরীর সাথে ব্যবসা পরিচালনা করা হবে।

**উপসংহারঃ**

উর্ধ্বতন কর্তৃপক্ষ যদি প্রয়োজন বোধ করেন সেক্ষেত্রে এই নীতিমালা পর্যালোচনা করতে পারবেন।

অনুমোদনক্রমে,

MOTHER COLOR LIMITED Fatullah N.gonj

মো: মনসুর আহমেদ
ব্যবস্থাপনা পরিচালক
(মাদার কালার লিমিটেড)